



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
www.btrc.gov.bd



অবৈধ মোবাইল হ্যান্ডসেটের নেটওয়ার্ক হতে বন্ধকরণ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, বৃহস্পতিবার, ৩০ সেপ্টেম্বর ২০২১:

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্তৃক জাতীয় পরিচিতি ও নিবন্ধিত সিম কার্ডের সাথে ট্যাগিং করে প্রতিটি মোবাইল ফোন নিবন্ধনের মাধ্যমে বিভিন্ন সরকারি সেবা গ্রহণ/প্রদান নিশ্চিত করা, অবৈধভাবে উৎপাদিত/আমদানিকৃত মোবাইল ফোনের ব্যবহার বন্ধের মাধ্যমে সরকারের রাজস্ব আহরণ নিশ্চিত করা, ব্যবহৃত মোবাইল ফোনের চুরি ও অবৈধ ব্যবহার রোধ করা এবং জাতীয় নিরাপত্তার স্বার্থে আইন প্রয়োগকারী সংস্থাসমূহকে সহায়তা প্রদানের উদ্দেশ্যে ১লা জুলাই ২০২১ তারিখে ন্যাশনাল ইকুইপমেন্ট আইডেন্টিটি রেজিস্টার (এনআইআইআর) এর কার্যক্রম শুরু করা হয়েছে। ১লা অক্টোবর ২০২১ তারিখ হতে নেটওয়ার্কে নতুনভাবে সংযুক্ত সকল অবৈধ হ্যান্ডসেটের সংযোগ বিচ্ছিন্ন করা হবে।

এমতাবস্থায়, মোবাইল হ্যান্ডসেট কেনার আগে মেসেজ অপশন থেকে KYD ও ১৫ ডিজিটের IMEI নম্বর লিখে (উদাহরণ স্বরূপ KYD 123456789012345) ১৬০০২ নম্বরে প্রেরণের মাধ্যমে হ্যান্ডসেটের বৈধতা যাচাই করে ক্রয় করার অনুরোধ জানানো যাচ্ছে। এছাড়াও, বৈধভাবে বিদেশ থেকে ব্যক্তিগতভাবে আনীত অথবা ক্রয়কৃত অথবা উপহারপ্রাপ্ত অনুমোদিত সংখক মোবাইল হ্যান্ডসেট ব্যবহারের পূর্বে www.neir.btrc.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে নিবন্ধন সম্পন্ন করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।


একইসাথে, কোন আমদানিকারক/স্থানীয়ভাবে মোবাইল ফোন হ্যান্ডসেট সংযোজন ও উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক অবৈধ হ্যান্ডসেট উৎপাদন/আমদানি না করার জন্য এবং কোন বিক্রেতা কর্তৃক অবৈধ হ্যান্ডসেট বিক্রয় না করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। কোন বিক্রেতা অবৈধ কোন হ্যান্ডসেট বিক্রয় করলে ক্রেতার দাবি অনুযায়ী হ্যান্ডসেটের মূল্য ফেরত প্রদান করতে হবে। অবৈধ হ্যান্ডসেট উৎপাদন/আমদানি/ক্রয়/বিক্রয় করলে টেলিযোগাযোগ আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনস্বার্থে বিজ্ঞপ্তিটি জারি করা হলো।

প্রাপক,

- ১। উপ-মহাপরিচালক (বার্তা)
বাংলাদেশ টেলিভিশন এবং
- ২। সম্পাদক/প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;
হেড অব নিউজ/চীফ নিউজ এডিটর;
বার্তা সংস্থা/টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;
অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সচিব ও ভাইস চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৪। অফিস কপি।

অনুরোধক্রমে



মোঃ জাকির হোসেন খান
উপ-পরিচালক

মিডিয়া কমিউনিকেশন এন্ড পাবলিকেশন উইং
বিটিআরসি

যোগাযোগঃ ০১৫৫২২০২৮৪০

zakirkhan@btrc.gov.bd